

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
বাজেট শাখা-০৪
ভূমি ভবন, ৯৮, শহিদ তাজউদ্দীন আহমদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮
www.lrb.gov.bd

তারিখ: ৬ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
২০ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০০০.০১৪.২০.০০৭৬.২১.২৩৮

বিষয়: ঠাকুরগাঁও জেলাধীন ০৫ (পাঁচ) টি উপজেলা ভূমি অফিসের জন্য আউটসোর্সিং প্রক্রিয়ায় চুক্তিবদ্ধ ০৫ (পাঁচ) জন সেবাকর্মীর (নিরাপত্তা প্রহরী) সেবামূল্যের চাহিদার তথ্য প্রেরণ।

- সূত্র: ১। জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও এর স্মারক নং ০৫.৫৫.৯৪০০.০০৮.০০.২০৮.১৮-৭৪৯ তাং: ২১-০৫-২০২৫ খ্রি।
২। ভূমি সংস্কার বোর্ডের স্মারক নং ৩১.০২.০০০০.০১৪.২০.০৭৬.২১-৯৪ তাং: ১৪-০২-২০২৪ খ্রি।
৩। জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও এর স্মারক নং ০৫.৫৫.৯৪০০.০০৮.০০.২০৮.১৮-১১৫২ তাং: ২২-০৮-২০২৩ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে ঠাকুরগাঁও জেলাধীন ০৫ (পাঁচ) টি উপজেলা ভূমি অফিসের জন্য আউটসোর্সিং প্রক্রিয়ায় চুক্তিবদ্ধ ০৫ (পাঁচ) জন সেবাকর্মীর (নিরাপত্তা প্রহরী) গত ২০২১-২২, ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থবছরের বকেয়া সেবামূল্য বাবদ নিম্নোক্ত ছক মোতাবেক সর্বমোট ১৪,৭৩,০৪২/- (চৌদ্দ লক্ষ তিয়াত্তর হাজার বিয়াল্লিশ) টাকা বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে।

উপজেলার নাম	প্রেরিত বকেয়া সেবামূল্যের চাহিদা
ঠাকুরগাঁও সদর	৩,১০,৩৭৬/-
পীরগঞ্জ	৩,১১,০০২/-
রাণীশংকৈল	২,৭০,৯৮৪/-
হরিপুর	৩,০৯,৬৯৬/-
বালিয়াডাঙ্গী	২,৭০,৯৮৪/-
সর্বমোট (কথায়):	১৪,৭৩,০৪২/- (চৌদ্দ লক্ষ তিয়াত্তর হাজার বিয়াল্লিশ) টাকা

২। এমতাবস্থায়, ঠাকুরগাঁও জেলাধীন ০৫ (পাঁচ) টি উপজেলা ভূমি অফিসের জন্য আউটসোর্সিং প্রক্রিয়ায় চুক্তিবদ্ধ ০৫ (পাঁচ) জন সেবাকর্মীর (নিরাপত্তা প্রহরী) বকেয়া সেবামূল্যের চাহিদা পুনরায় যাচাই-বাছাই করে নিম্নবর্ণিত তথ্য/কাগজপত্র প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- উপজেলা অনুযায়ী অর্থবছর ভিত্তিক এবং সময়কাল (দিন/মাস/বছর) উল্লেখপূর্বক বকেয়া সেবামূল্যের প্রস্তুতকৃত চাহিদা;
- গত ২০২১-২২ অর্থবছরের ২৯-০৪-২০২২ খ্রি. থেকে ৩০-০৬-২০২২ খ্রি. পর্যন্ত সময়কালে ও ২০২২-২৩ অর্থবছরে আউটসোর্সিং প্রক্রিয়ায় জনবল সরবরাহ সংক্রান্ত চুক্তিপত্র যথাসময়ে নবায়নপূর্বক “৩২১১১৩১-আউটসোর্সিং” কোডে বরাদ্দ প্রাপ্তির জন্য কোন চাহিদাপত্র প্রেরণ করা হয়নি। এ অব্যবস্থাপনার প্রকৃত কারণ সম্পর্কিত বিস্তারিত বিবরণ;
- গত ২০২২-২৩ অর্থবছরে সংশ্লিষ্ট উপজেলা ভূমি অফিসের জন্য আউটসোর্সিং প্রক্রিয়ায় চুক্তিবদ্ধ ০৫ (পাঁচ) জন সেবাকর্মী (নিরাপত্তা প্রহরী) কর্মরত থাকার সপক্ষে প্রমাণক; এবং
- গত ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরের ২৯-০৪-২০২২ খ্রি. হতে ২৮-০৪-২০২৩ খ্রি. পর্যন্ত সময়কালের আউটসোর্সিং প্রক্রিয়ায় জনবল সরবরাহ সংক্রান্ত চুক্তিপত্রের কপি।

সংযুক্তিঃ ০২ (দুই) ফর্দ।

সকল সংযুক্তিসমূহ:

(১) ০২ (দুই) ফর্দ।



২০-০৬-২০২৫

সাবরিনা সুলতানা

সহকারী ভূমি সংস্কার কমিশনার

০২৪১০১০৪৫৫

alrc4@lrb.gov.bd

জেলা প্রশাসক


ঠাকুরগাঁও।

স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০০০.০১৪.২০.০০৭৬.২১.২৩৮/১ (৫)

তারিখ: ৬ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
২০ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়।
- ২। বিভাগীয় কমিশনার, রংপুর।
- ৩। উপ-ভূমি সংস্কার কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ৪। চেয়ারম্যান এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড।
- ৫। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, ভূমি সংস্কার বোর্ড।



২০-০৬-২০২৫

সাবরিনা সুলতানা

সহকারী ভূমি সংস্কার কমিশনার